

ISSN : 2582-3841 (O)  
2348-487X (P)

# এবং প্রান্তিক

*Ebon Prantik*

বর্ষ ৯, সংখ্যা ১৯, জানুয়ারি, ২০২২



**Ebong Prantik**

*A Peer-Reviewed Multi-Disciplinary Academic Journal*

*SJIF Approved Impact Factor : 7.16*

*[ISSN : 2582-3841(O), 2348-487X(P)],*

*Published & Edited by Dr. Ashis Roy, Chandiberiya,  
Saradapalli, Kestopur, Kolkata - 700102, and*

*Printed by Ananya, Burobattala, Sonarpur, Kolkata - 150,*

*Vol. 9th Issue 19th, 10th Jan. 2022, Rs. 750/-*

E-mail : ebongprantik@gmail.com

Website : www.ebongprantik.in

**প্রকাশ**

৯ ম বর্ষ ও ১৯ তম সংখ্যা

১০ জানুয়ারি, ২০২২

ISSN : 2582-3841 (Online)

2348-487X (Print)

DOI : 10.5281/zenodo.5845085

**কপিরাইট**

সম্পাদক, এবং প্রাপ্তিক

**প্রকাশক**

এবং প্রাপ্তিক

আশিস রায়

রেজিস্টার্ড অফিস

চণ্ডীবেড়িয়া, সারদাপল্লী, পোঃ - কেষ্টপুর, কলকাতা - ৭০০ ১০২

ফোন - ৯৮০৪৯২৩১৮২

সার্বিক সহয়তা - সৌরভ বর্মন

ফোন - ৮২৫০৫৯৫৬৪৭

**মুদ্রণ**

অনন্য

বুড়ো বটতলা, সোনারপুর, কলকাতা - ৭০০ ১৫০

ফোন - ৯১৬৩৯৩১৪৬৫

**মূল্য : ৭৫০ টাকা**

গজেন্দ্রকুমার মিত্রের নির্বাচিত উপন্যাসে স্বাধীনতা-পরবর্তী নাগরিক নারী প্রিয়মিতা ঘোষ	২৩৭
বাঙালি মুসলিম নারীর আত্মসচেতনতা ও নবজাগরণ: নবাব ফয়জুরেন্স চৌধুরানী	
শিবানী মণ্ডল	২৪৭
✓ উপনিবেশিক সময়ে মুর্শিদাবাদ জেলায় বিজ্ঞানভাবনা ও বিজ্ঞানচর্চা শুভেন্দু বিশ্বাস	২৫৩
মাড়োয়ারি সম্প্রদায়ের বাংলায় আগমন ও তাদের বাণিজ্যিক সাফল্যের ইতিহাস (অষ্টাদশ শতাব্দী থেকে বিংশ শতাব্দীর দ্বিতীয় দশক)	
ইমরান সেখ	২৫৯
লোকজীবন ও লোকসংস্কৃতির আলোকে নলিনী বেরার উপন্যাস; শবরচরিত বিন্দেশ্বর টুটু	২৭০
সুন্দরবনে মনুষ্য বসতির গোড়াপত্তনের ইতিহাস	
কৃষ্ণ কুমার সরকার	২৮০
একান্ধ নাটকের রূপ বিশ্লেষণ—নভেন্দু সেনের ‘পোস্টমর্টেম’ অবলম্বনে সুকুমার বর্মণ	২৮৮
এপিকিউরাস: প্রসঙ্গ সুখবাদ	
সুদর্শন দাস	২৯৫
শিশুসাহিত্যে উপেন্দ্রকিশোরের মহিলা উত্তরসূরী :	
প্রথম প্রজন্ম-সুখলতা রাও থেকে লীলা মজুমদার	
শম্পা লাহা	৩০৫
স্বামী বিবেকানন্দের শিক্ষাচিন্তায় সামাজিক মূল্যবোধ ও বর্তমান সমাজ বাসুদেব হালদার	
রাঢ়ের কবিগান ও মহাভারতের কৃষ্ণ মাহাত্ম্য	৩১৩
সুবীর ঘোষ	
আধুনিক বাংলা উপন্যাস ও সাধন চট্টোপাধ্যায়ের উপন্যাসে প্রান্তবর্গীয় জীবনচেতনা	৩২৪
কালিপদ বর্মণ	
বৈষ্ণব তাত্ত্বিক দৃষ্টিকোণের আলোকে রবীন্দ্রনাথের 'ঘরে-বাইরে' উপন্যাস : একটি অন্বেষণ	৩৩৫
সুবর্ণ সেন	
স্বদেশপ্রীতি ও দিজেন্দ্রলালের 'রাণা প্রতাপসিংহ' নাটক	৩৪৪
অভিজিৎকুমার ঘোষ	
	৩৫৩

# ওপনিবেশিক সময়ে মুর্শিদাবাদ জেলায় বিজ্ঞানভাবনা ও বিজ্ঞানচর্চা

শুভেন্দু বিশ্বাস  
স্টেট এডেড কলেজ চিচার  
পলাশী কলেজ

**সারসংক্ষেপ:** ওপনিবেশিক সময়ে বিজ্ঞানকে ব্যবহার করে ব্রিটিশ সরকার তাদের সাম্রাজিক স্বার্থ চরিতার্থ করতে তৎপর হয়। সেই বিজ্ঞানচর্চায় ভারতীয়দের স্থান ছিল নগণ্য। মহেন্দ্রলাল সরকার ভারতীয়দের বিজ্ঞানচর্চার সাথে যুক্ত করার জন্য প্রতিষ্ঠা করেন 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দি কালটিভেশন অব সায়েন্স' (১৮৭৬)। সূচনা হল জাতীয় বিজ্ঞানচর্চার। মাতৃভাষা বাংলায় বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, জগদীশচন্দ্র বসু, সতেন্দ্রনাথ বসু প্রমুখ বিজ্ঞানী গুরুত্বপূর্ণ ভূমিকা নেন। অন্যদিকে গবেষণাগারে বিজ্ঞানচর্চা সম্ভব না হলেও, বিজ্ঞানভাবনার ক্ষেত্রে মুর্শিদাবাদ জেলার অগ্রগামিতা লক্ষণীয়। প্রাথমিকভাবে খ্রিস্টান মিশনারীদের হাত ধরে এখানে পাশ্চাত্য শিক্ষার বিস্তার ঘটে। মুর্শিদাবাদের বেশ কিছু রাজপরিবার শিক্ষাবিস্তারে বিশেষ ভূমিকা গ্রহণ করেছিলেন। এক্ষেত্রে কাশিমবাজার রাজপরিবারের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। মুর্শিদাবাদে বিজ্ঞানভাবনার প্রাথমিক সূচনা এই পরিবারের হাত ধরেই হয়েছিল। প্রত্যক্ষভাবে তাঁরা হয়ত বিজ্ঞানের সাথে যুক্ত ছিলেন না। কিন্তু বিজ্ঞানের উন্নতিকল্পে তাঁদের অর্থদান, বিজ্ঞানের অগ্রগতিতে সাহায্য করেছিল। এই জেলা থেকে ওপনিবেশিক সময়ে স্বাস্থ্য বিষয়ক পত্রিকা প্রকাশিত হয়েছিল। আচার্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ছিলেন এই জেলার সন্তান। তিনি মাতৃভাষা বাংলায় বিজ্ঞানকে জনপ্রিয় করার চেষ্টা করেছিলেন, তা জেলাবাসীকে অনুপ্রাণিত করেছিল, যা পরবর্তী সময়ে জেলায় বিজ্ঞান আন্দোলনের প্রেক্ষাপট তৈরি করে দিয়েছিল। আলোচ্য গবেষণানিবন্ধে মুর্শিদাবাদ জেলায় বিজ্ঞান ভাবনার সেই ইতিহাস তুলে ধরার চেষ্টা করা হয়েছে।

**সূচক শব্দ :** বিজ্ঞান, মিশনারী, স্বাস্থ্য, মাতৃভাষা, আন্দোলন।

বিজ্ঞানভাবনা ও বিজ্ঞানচর্চার মধ্যে গভীর সম্পর্ক রয়েছে। প্রাথমিকভাবে বিজ্ঞান নিয়ে চর্চা করার পূর্বশর্ত হিসেবে বিজ্ঞান নিয়ে ভাবনাচিন্তা করতে হয়। আবার বিজ্ঞান ভাবনার ফল হিসেবে যুক্তিবাদী মননের বিকাশ ঘটানো, বিজ্ঞানের সুফলগুলি সর্বসাধারণের কাছে পৌঁছে দেওয়া এবং বিজ্ঞানের উন্নতিকল্পে সাহায্যদানও হতে পারে। এখানে বিজ্ঞান নিয়ে চিন্তাভাবনা করাটাই আসল। কিন্তু বিজ্ঞানচর্চার সঙ্গে বিভিন্ন যন্ত্রপাতির সাহায্যে পরীক্ষাগারে নিত্য-নতুন বিষয়ের অনুসন্ধান, বিজ্ঞানের গ্রন্থ প্রকাশকে বোঝায়। সামগ্রিক ভাবে দেখলে, বিজ্ঞানের বিষয় এতই সুবিস্তৃত যে, কোন একটা বাঁধা-ধরা নিয়মের মধ্যে রেখে তা আলোচনা করা সম্ভব নয়।